

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

এমসিপিপিএন্ডএমপি (২য় পর্যায়)

‘পল্লী ভবন’ (৭ম তলা)

৫, কাওরানবাজার, ঢাকা- ১২১৫।

স্মারক নং:- ৪৭.৬২.০০০০.৯৩১.০০.০১৮.১২-১৬৬

তারিখ: ০৭-১০-২০১২খ্রী:


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে অপ্রধান শস্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ কর্মসূচী(২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পে পদ সমূহ সাকুল্য বেতনে প্রকল্প মেয়াদকালের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ ও প্যানেল তৈরির লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন গ্রেড	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫
১	অপ্রধান শস্য বিশেষজ্ঞ	০৪	গ্রেড-০৯	এম.এস.সি কৃষি বিজ্ঞান/ বি.এস.সি. (অনার্স) কৃষিবিজ্ঞান
২	শস্য উন্নয়ন কর্মকর্তা	১০	গ্রেড-১১	কৃষি ডিপ্লোমা অথবা যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রি, ২ বৎসরের অভিজ্ঞতা সহ
৩	পরিসংখ্যান কাম বাজারজাতকরণ সহকারী	০৪	গ্রেড-১৪	স্নাতক ডিগ্রি, ২ বৎসরের অভিজ্ঞতা সহ
৪	মাঠকর্মী	১৮০	গ্রেড-১৪	স্নাতক ডিগ্রি, ২ বৎসরের অভিজ্ঞতা সহ
৫	ড্রাইভার	০১	গ্রেড-১৬	অষ্টম শ্রেণী (সরাসরি)

শর্তাবলী :

- আবেদনকারীকে বাংলায় নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, নিজ জেলা, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ- ১লা জুলাই, ২০১২খ্রি: তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ধর্ম, অভিজ্ঞতা এবং সংযুক্ত ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর, তারিখ ও ইস্যুকারী ব্যাংকের নাম ইত্যাদি উল্লেখপূর্বক সাদা কাগজে নিজ স্বাক্ষরযুক্ত আবেদন করতে হবে।
- ১লা জুলাই, ২০১২ তারিখে বয়স অনূর্ধ্ব ৩০ বছর হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/তাদের পোষ্যদের ক্ষেত্রে বয়স ৩২ বছর হবে। তবে প্রকল্পের প্রথম পর্যায়ের অভিজ্ঞ জনবলের ক্ষেত্রে বয়সের যোগ্যতা শিথিলযোগ্য।
- আবেদনকারী মুক্তিযোদ্ধা কোটার সুবিধা নিতে চাইলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ ইস্যুকৃত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- আবেদনপত্রের খামের উপর প্রার্থীত পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা (যদি থাকে) স্পষ্ট করে উল্লেখ করতে হবে। তাছাড়া আবেদনপত্রসহ সংযুক্ত কাগজপত্র A4 সাইজের কাগজে দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে (ক) বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষার মূল / সাময়িক সনদের সত্যায়িত কপি (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি (গ) সদ্য তোলা পাসপোর্ট আকারের ৪(চার) কপি সত্যায়িত ছবি।, (ঘ) প্রার্থীর স্থায়ী ঠিকানা সমর্থনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা কাউন্সিলর / সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট থেকে চারিত্রিক সনদপত্রের মূলকপি এবং (চ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। তাছাড়া সকল সত্যায়িত সনদের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবীসহ সীল ব্যবহার করতে হবে।
- আবেদনপত্রের সাথে ১নং ক্রমিকের পদের জন্য সোনালী / অথবা ব্যাংক লি: এর বিপরীতে ৩০০/- টাকার, ২-৪ নং ক্রমিকের জন্য ২০০/- টাকার এবং ৫ নং ক্রমিকের জন্য ১০০ টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (অফেরতযোগ্য) প্রকল্প পরিচালক, “এমসিপিপিএন্ডএমপি(২য় পর্যায়)” এর শিরোনামে সংযুক্ত করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারী বিদ্যমান বিধি বিধান ও সরকারী নীতিমালা / কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- চাকুরীরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, তবে মূল আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে।
- ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সমূহ বাতিল বলে গণ্য হবে এবং আবেদনপত্রে কোন তথ্য গোপন করা হলে পরবর্তীতে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- পরীক্ষার স্থান, তারিখ ও সময় ইন্টারভিউ কার্ড প্রেরণের মাধ্যমে অবহিত করা হবে। লিখিত/ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে)/ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।
- আবেদনকারীকে উপরিলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে আগামী ১৫ই নভেম্বর, ২০১২ তারিখ অফিস সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে অপ্রধান শস্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ কর্মসূচী(২য় পর্যায়)” পল্লী ভবন (৭ম তলা), ৫, কাওরানবাজার, ঢাকা -১২১৫ বরাবর সকল কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্রে চাহিত কোন তথ্য / কাগজপত্র সঠিক পাওয়া না গেলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।


গিয়াস উদ্দিন আহমেদ
প্রকল্প পরিচালক

এমসিপিপিএন্ডএমপি(২য় পর্যায়)